দৈনিক বাংলা

তারিখ ...1 6. JAN 1995 ... ..
পৃষ্ঠা ৪ কলাম ৩ ...

22

# উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে এসএসসি কোর্স ঃ ফেব্রুয়ারীতে ভর্তি শুরু

**স্টাফ রিপোর্টার ঃ** বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে এ বছর এসএসসি কোর্স চালু হচ্ছে। ফেব্রুয়ারী মাস থেকে ভর্তি শুরু হবে। এ বছর সারাদেশে ৫০ হাজার ছাত্রছাত্রী ভর্তি করা হবে।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর শমসের আলী রোববার জাতীয় প্রেসক্লাব মিলনায়তনে এক সাংবাদিক সম্মেলনে জানান, এসএসসি প্রোগ্রাম চালু হলে দীর্ঘদিনের স্কুলত্যাগী ছাত্র-ছাত্রীরাও এই নতুন কোর্সে ভর্তি হতে পারবে। এই কোর্সে ভর্তির যোগ্যতা অষ্টম শ্রেণী পাস এবং ন্যূনতম বয়স ১৪ বছর। তবে বয়সের উর্ধ্বসীমা নির্দিষ্ট করা নেই। উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে এসএসসি পাস সার্টিফিকেটের মর্যাদা এবং শিক্ষা বোর্ডের অধীনে এসএসসি পাসের সার্টিফিকেটের মর্যাদা একই হবে। উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে এসএসসি এবং শিক্ষা বোর্ডের অধীনে এসএসসি সিলেবাসেও তেমন কোন পার্থক্য নেই। প্রত্যেক থানায় নির্দিষ্ট হাইস্কুল থেকে দরখাস্তের ফরম পাওয়া যাবে।

প্রফেসর শমসের আলী জানান, উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে পর্যায়ক্রমে এইচএসসি এবং স্নাতক পর্যায়ের কোর্সও চালু করা হবে। এছাড়া এ বছর জুলাই থেকে ব্যাচেলর ইন ইংলিশ ল্যাঙ্গুয়েজ টিচিং (বেলট) এবং ডিপ্লোমা ইন ম্যানেজমেন্ট চালু হবে।

সাংবাদিক সম্মেলনে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন প্রফেসর আনোয়ার আলী, প্রফেসর শামসুল হক, প্রফেসর শামসুল কবির ও ডঃ এনামুল হক।